দৈনিক সংবাদ

তারিখ 11 JUL 1998
পৃষ্ঠা ২ কলাম ৬

এইচ এস সি পরীক্ষা

# রাজশাহী বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে অতিরিক্ত ফী আদায়ের অভিযোগ

রাজশাহী, ১০ই জুলাই (নিজস্ব সংবাদদাতার ফোন)।– রাজশাহী বোর্ডের অধীনে আগামী ১২ই জুলাই অনুষ্ঠেয় এইচ এস সি পরীক্ষার জন্য ছাত্রদের প্রবেশপত্র সংগ্রহের সময় বিভিন্ন কেন্দ্র হতে বোর্ড নির্ধারিত কেন্দ্র ফী'র অতিরিক্ত অর্থ আদায় করা হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে।

## অতিরিক্ত ফি আদায়

(১ম পাতার পর)

এতে ছাত্ররা প্রবেশপত্র সংগ্রহ করতে গিয়ে বিপাকে পড়েছে।

রাজশাহী বোর্ড পরীক্ষা কেন্দ্রের ব্যয় নির্বাহের জন্য মানবিক ও বাণিজ্য বিভাগে ৬০ টাকা এবং বিজ্ঞান বিভাগে ৭৫ টাকা কেন্দ্র ফী নির্ধারণ করেছে। বোর্ডের সার্কুলারে বলা হয়েছে যে, নির্ধারিত ফীর অতিরিক্ত গ্রহণ করলে রেগুলেশন অনুযায়ী আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। কিন্তু ছাত্র ও কলেজ শিক্ষকগণ অভিযোগ করেন, যে সকল কলেজে পরীক্ষা কেন্দ্র করা হয়েছে, সে সকল কলেজ কর্তৃপক্ষ বিবিধ ফী এবং বিজ্ঞান গবেষণাগার ফী'র নামে অতিরিক্ত অর্থ আদায় করছে।

জেলা পর্যায়ের কয়েকটি কলেজ কেন্দ্রে যোগাযোগ করে দেখা গেছে যে, কেন্দ্রভেদে পরীক্ষার্থীপিছু অতিরিক্ত অর্থ আদায়ের পরিমাণ ২০থেকে ১৫০ টাকা পর্যন্ত। বোর্ড কর্তৃপক্ষও এ ধরনের অভিযোগ পেয়েছেন বলে স্বীকার করেছেন। তবে তাঁরা জানান,সরকারী কলেজগুলোর ওপর তাদের সরাসরি কোন নিয়ন্ত্রণ নেই। স্থানীয় কয়েকটি সরকারী কলেজের অধ্যক্ষ জানান, ''কেন্দ্রের ম্যানেজমেন্টের জন্য এ ধরনের ফী সকল কেন্দ্র থেকেই নেয়া হয়।''